ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২২৭৫
আগরতলা,২৩ ডিসেম্বর,২০২৪

**বড়দিন উপলক্ষে রাজ্যবাসীকে রাজ্যপালের শুভেচ্ছা**

বড়দিন উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ‘যীশু খ্রিস্টের জন্মদিন সারা পৃথিবীতেই বড়দিন হিসেবে পালন করা হয়। এই দিনটি আধ্যাত্মিক জীবনের সত্যকেও প্রতিফলিত করে। সমগ্র মানবজাতির আরও উন্নত ভবিষ্যতের জন্য এই দিনটিতে শান্তি, সংহতি এবং সহনশীলতা বর্ষিত হোক। আমি বিশ্বাস করি বড়দিনের উৎসব আমাদের মিশ্র সংস্কৃতিকে আরও সমৃদ্ধ করবে। এই উৎসব ত্রিপুরার মানুষের জন্য আনন্দ, ভালোবাসা, সুখ, সমৃদ্ধি এবং শান্তির বার্তা বয়ে আনুক।’

*****